



# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন

৪৯১০০০-ঢাকা, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ৫১-

সাধারণ পরিচর্যা বিভাগ

www.badc.gov.bd

স্মারক নং- ১২.২০৬.০১৮.০০.০০.০১৩.২০১০- ২২৪৭

১২ আশ্বিন, ১৪২৪ বঙ্গাব্দ


তারিখ: ২৭ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

বিগত ০৭ মার্চ ২০১৬ তারিখে অনুষ্ঠিত বিএডিসি'র ২৪তম সাধারণ সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী সংস্থার সদর দপ্তরস্থ কৃষি ভবনের সকল কর্মকর্তা/কর্মচারিগণ সংস্থার পরিচয় পত্র/ ID Card প্রদান করা সত্ত্বেও কিছু সংখ্যক কর্মকর্তা/কর্মচারি যথাযথভাবে ID Card ব্যবহার করছেন না। এতে করে অবৈধ বহিরাগতদের শনাক্তকরণে সমস্যা সৃষ্টি হচ্ছে এবং কৃষি ভবনের সার্বিক নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে।

০২। এমতাবস্থায়, সংস্থার সদর দপ্তরস্থ কৃষি ভবনের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণের নিমিত্ত সকল কর্মকর্তা/কর্মচারিগণকে বাধ্যতামূলকভাবে ID Card ব্যবহার করার জন্য নির্দেশ প্রদান করা হলো। উল্লেখ্য যে, কোন কর্মকর্তা/কর্মচারির ID Card না থাকলে সাধারণ পরিচর্যা বিভাগ হতে আগামী ১০ (দশ) দিনের মধ্যে ID Card সংগ্রহ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

০৩। সংস্থার স্বার্থে আদিষ্ট হয়ে এ আদেশ জারী করা হলো।

  
২৭.৯.১৭

(তুলসী রঞ্জন সাহা)

সচিব

বিএডিসি, ঢাকা।

ফোন:৯৫৬৪৩৫৯

ই-মেইল: Secretary@badc.gov.bd

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. .... (আপনার অধীনস্থ সকল কর্মকর্তা/কর্মচারিগণকে বিষয়টি অবহিত করার অনুরোধসহ)  
(সকল বিভাগীয়/প্রকল্প প্রধান ) বিএডিসি, ঢাকা।
২. উপপ্রধান (মনিটরিং), বিএডিসি, ঢাকা (বিএডিসি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
৪. সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৫. সদস্য পরিচালক (অর্থ/ বীজ ও উদ্যান/ ক্ষুদ্রসেচ/ সার-ব্যবস্থাপনা), বিএডিসি, ঢাকা।
৬. অফিস কপি/মাস্টার ফাইল।